



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নং-বিঅ-৬/

তারিখ : ৪

বিষয় : অস্থায়ী স্বীকৃতি প্রদান

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ে নথি নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৬১.১৩/৮৫, তারিখ : ২৬/০২/২০১৫ খ্রি. পত্র ও প্রধান শিক্ষকের ১৯-০৩-২০১৫ খ্রি. তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদ্যালয় মঞ্জুরী কমিটির পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে নিম্নোক্ত শর্তে আপনার বিদ্যালয়টিকে ০১-০১-২০১৬ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্নমাধ্যমিক পর্যায়ে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

শর্তাবলী :

- ১। অস্থায়ী স্বীকৃতির ক্ষেত্রে পত্র প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে বিধিমোতাবেক নিয়মিত কমিটি গঠনপূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় ফিসসহ অনুমোদনের জন্য অবশ্যই বোর্ডে দাখিল করতে হবে
- ২। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ৩। গঠিত নিয়মিত কমিটির কাগজপত্রের সাথে প্রতিষ্ঠাতা এবং দাতা সদস্য থাকলে তাঁদের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে
- ৪। স্নাতক পাস শিক্ষক/শিক্ষিকাদেরকে পর্যায়ক্রমে সরকারী টিচার্স ট্রেনিং কলেজ থেকে বি.এড. প্রশিক্ষণ গ্রহণ করতে হবে
- ৫। জেএসসি পরীক্ষায় সকল ছাত্র/ছাত্রী অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে
- ৬। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করতে হবে
- ৭। বোর্ডের পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ৮। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে
- ৯। বিদ্যালয়ের চারিদিকে ফলদ বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করতে হবে
- ১০। লাইব্রেরিতে বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, ইংরেজি-বাংলা, বাংলা-ইংরেজি অভিধানসমূহ প্রতিটি ০৩(তিন) কপি করে সংগ্রহ করতে হবে।
- ১১। দেয়াল পত্রিকা স্কুল ম্যাগাজিন প্রকাশ করতে হবে এবং ছাত্রদের জন্য স্কাউটস ও ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।

৪৫-

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন: ০৪২১-৬৮৬৩৪

তারিখ : ০২/১০/১৫

প্রধান শিক্ষক

বি.কে.এম.এস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাক : বরাতিয়া, উপজেলা : ডুমুরিয়া, জেলা : খুলনা।

স্মারক নং-বিঅ-৬/ ২০০(৩০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। জেলা শিক্ষা অফিসার, খুলনা
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। উপ-বিদ্যালয় পরিদর্শক, (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।